শৈলকুপায় হিন্দু সম্প্রদায়ের দু’গ্রুপের সংর্ঘষে আহত ৭

ঝিনাইদহের শৈলকুপায় হিন্দু সম্প্রদায়ের দু’গ্রুপের মধ্যে সংর্ঘষে অন্তত ৭ জন আহত হয়েছেন। এসময় বাড়িঘর ভাংচুরের ঘটনা ঘটেছে।

মঙ্গলবার রাতে শৈলকুপা উপজেলার ধলহরাচন্দ্র ইউনিয়নের নুন্দিরগাতী গ্রামে এই সংঘর্ষের ঘটনা ঘটে। আহতদের শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে।

সংঘর্ষে আহত পল্লী চিকিৎসক নির্মল কুমার জানান, দীর্ঘদিন ধরে হিন্দু সম্প্রদায়ের মধ্যে দুটি দলের কোন্দল বিরাজ করছিল। তিনি বলেন, এ ঘটনার জের ধরে মঙ্গলবার রাতে তার উপর হামলা করে প্রতিপক্ষরা। নির্মল কুমার বিশ্বাস মাগুরা জেলার শ্রীপুর তার কর্মস্থল থেকে রাতে বাড়ী ফেরার পথে নুন্দিরগাতী সরকারী প্রাথমিক বিদ্যালয় এলাকায় পৌছালে প্রতিপক্ষরা তার উপর হামলা চালায়। পরে বাড়ি ভাংচুর, নগদ টাকা ও স্বর্ণলংকারসহ মালামাল লুট করে নিয়ে যায়। এ খবর ছড়িয়ে পড়লে হিন্দু সম্প্রদায়ের দু’গ্রুপের মধ্যে সংঘর্ষ ছড়িয়ে পড়ে। সংঘর্ষে বিপ্লব কুমার, সঞ্জয় কুমার, বাধন কুমার, নির্মল কুমার, স্মৃতি রাণী, সুবাস কুমার ও বিশ্বজিৎ কুমার গুরুত্বর আহত হন। আহতদের শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও মাগুরা সদর হাসাপাতালে ভর্তি কনরা হয়ছে। এরমধ্যে অবস্থা গুরুতর হওয়ায় সুবাস কুমার নামে এক জনকে ঢাকা মেডিকেল কলেজ হাসাপাতালে পাঠানো হয়েছে। এ নিয়ে গ্রামটিতে উত্তেজনা বিরাজ করছে।

শৈলকুপা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আমিনুল ইসলাম বলেন, সংঘর্ষের ঘটনায় একটি লিখিত এজাহার দাখিল করেছে পল্লি চিকিৎসক নির্মল কুমার। পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে। তিনি বলেন, তদন্থ করে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।

মানুষের বিনোদনের খোরাক এখন কোটচাঁদপুরের ২২ মাথার খেজুর গাছ

একটি গাছে স্বাভাবিক ভাবে,একটি মাথায় হয়। তবে এর বেশি হলে,সেটা অস্বাভাবিক। এমনিই একটি গাছের সন্ধ্যান মিলেছে ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার পল্রীতে। এটি একটি খেজুর গাছ। গাছটি ২২ টি মাথা নিয়ে দাড়িয়ে আছে। যা এখন মানুষের বিনোদনের খোরাক হয়ে দাড়িয়েছে।

জানা যায়, কোটচাঁদপুর শহর থেকে ৫ কিলোমিটার বহরমপুর গ্রাম। এ গ্রামের পাশ দিয়ে গেছে (ইউএসআইডি) আমেরিকার জনগণের পক্ষ থেকে নির্মিত সড়ক। বর্তমান যার নাম করন হয়েছে আমেরিকান সড়ক।
এ সড়কের পাশের মাঠে জন্মেছে অস্বাভাবিক সেই ২২ মাথার খেজুর গাছ। গাছটির বর্তমান বয়স ৩০ বছর,এমনটাই জানালেন স্থানীয়রা।

দীর্ঘ দিন ধরে গাছটি তাঁর ২২ টি মাথা নিয়ে দাড়িয়ে আছে। এ খবরটি এখন এলাকা ছাড়িয়ে, দেশের বিভিন্ন জায়গায় ছড়িয়ে পড়েছে। এ কারনে অনেক জায়গার মানুষই গাছটি এক নজর দেখতে ছুটে আসেন কোটচাঁদপুরের পল্লীর ওই গ্রামে।

যা এখন মানুষের বিনোদনের খোরাক হয়ে দাড়িয়েছে। এই গাছটি মালিক ওই গ্রামের ডাক্তার সলেমান মুন্সীর।
তিনি বলেন,খেজুর গাছটি আমার পিতা আবু তালেব মুন্সি লাগিয়েছিল। পাশে আরো খেজুর গাছ ছিল। ওই গাছ থেকে রস সংগ্রহ করা হত। গাছগুলো কেটে ফেলা হয়েছে বেশ আগে। তবে অস্বাভাবিক ওই খেজুর গাছটি রেখে দেয়া হয়েছে।

তিনি বলেন,গাছটির বয়স ৩০ বছর হবে। বয়স হলেও গাছটি রেখে রাখা হয়েছে। কারন গাছটি এখন এলাকার ঐতিহ্য বহন করছে। এলাছা মানুষের বিনোদনের খোরাক হয়ে দাড়িয়েছে।

বহরমপুর গ্রামের কৃষক জুয়েল জানান, এই গাছটিতে অতিরিক্ত সাপ থাকতো। এ কারনে গাছ থেকে আর রস সংগ্রহ করা হত না। এ ছাড়া সাপের কারনে গাছটিতে খেজুর হলেও সেগুলো পাড়া হত না। গাছেই ফল পেকে নষ্ট হয়ে যেত। এভাবেই প্রথমে একটা দুইটা করে মাথা হতে থাকে। এক

সময় তা ২২ মাথায় রুপ নিয়েছেন।

ওই গ্রামে ঢাকা থেকে আসা আত্মীয় দর্শণার্থী শিপন জানান, এমন গাছ বিরল। ব্যতিক্রমী নিদর্শন। এই গ্রামে আসলেই একবার হলেও এ গাছটি দেখতে ছুটে আসি। দেশের বিভিন্ন এলাকা থেকে গাছটি এক নজর দেখতে অনেকেই আসেন ।

তিনি বলেন, ২২ মাথার খেজুর গাছটি,দেখে মনে হয় কোন শিল্পী নিপুন হাতে গাছের মাথা গুলো সাজিয়ে রেখেছেন। অবাক করার বিষয় গাছটির মূলের চেয়েও ২২গুন মাথা নিয়ে আকাশের দিকে চেয়ে আছে। প্রকৃতির এক বিচিত্র সৃষ্টি এই খেজুর গাছটি।

বিষয়টি নিয়ে কোটচাঁদপুর উপজেলা কৃষি কর্মকর্তা মহাসীন আলী বলেন, এটি হরমন জনিত কারণে,এক বীজপত্রি উদ্ভিদে একাধিক শাখা প্রশাখা হতে পারে। আর এ ক্ষেত্রে সেটিই ঘটেছে। তবে এ ধরনের ঘটনা খুবই কম দেখা যায়।

দামুড়হুদায় ৬ বিজিবি’র অভিয়ানে হুন্ডি বাংলাদেশীর ৫০ লাখ টাকা উদ্ধার

চুযাডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার মুন্সিপুর- কুতুবপুর সীমান্তে ৬ বিজিবি চোরাচালানী বিরোধী অভিযান চালিয়ে বাংলাদেশী হুন্ডির প্রায় ৫০ লাখ টাকা আটক করেছে। তবে এঘটনায় আটক করতে পারেনী কোন চোরাচালানীকে। টাকা উদ্ধারের ঘটনায় দামুড়হুদা মডেল থানায় একটি মামলা হয়েছে।

জানাগেছে গতকাল (১৬ জানুয়ারী) সোমবার রাত সাড়ে ৭ টার দিকে মুন্সিপুর সীমান্ত ফাঁড়ি ৬ বিজিবি চোরাচালান বিরোধী অভিযান চালায় মুন্সিপুর সীমান্তের এমপি ঘাট মোড়ে।

এ সময় মুন্সিপুর সীমান্ত ফাঁড়ির মুন্সিপুর বিওপি কমান্ডার নায়েব সুবেদার আলা উদ্দিন এর নেতৃত্বে নিয়মিত রাত্রীকালীন সশস্ত্র টহল

দল সীমান্তে টহল পরিচালনা করতে থাকে।মুন্সিপুর সীমান্তের মেইন পিলার ৯৩ হতে ৫০০ গজ বাংলাদেশের অভ্যন্তরে মুন্সিপুর গ্রামের এমপির ঘাট নদীর পাড় নামক স্থানে এ্যাম্বুশ করে।সেখান থেকে দুই জন চোরাচালানী প্লাষ্টিকের ব্যাগ বহন করে ভারত হতে বাংলাদেশে আগমন করছে।

এ সময় বিজিবি’র উপস্থিতি টের পেয়ে ব্যাগ ফেলে পালিয়ে যায়। ৬ বিজিবি’র ক্যাম্প কমন্ডার নায়েব সুবেদার আলা উদ্দীন ব্যাগ খুলে বাংলাদেশী হুন্ডির ৫০ লাখ টাকা উদ্ধার করে।

এ ঘটনায় ৬ বিজিবির পরিচালক শাহ মোঃ ইশতিয়াক, বলেন উদ্ধার হওয়া টাকা চুয়াডঙ্গা ট্রেজারি অফিসে জমা করা হয়েছে।দামুড়হুদা থানায় অজ্ঞাত দুজনের বিরুদ্ধে মামলা হয়েছে।এ বিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদ জানান এ ঘটনায় আমার থানায় কোন মামলা হয়নি।

মুজিবনগরের মহাজনপুরে যুবমহিলা লীগের উঠান বৈঠক অনুষ্ঠিত

উন্নয়নের অগ্রযাত্রায় বাংলাদেশ। সরকারের সাফল্য ও প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার উন্নয়নের ধারা এবং প্রিয় নেতার কথা তৃণমূলে পৌঁছে দেওয়ায় লক্ষ্য বিশেষ করে মহিলাদের মাঝে তুলে ধরার মাধ্যমে, শেখ হাসিনার হাতকে শক্তিশালী করে, আগামী নির্বাচনে মাননীয় জনপ্রশাসন প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেনকে পুনরায় নির্বাচিত করার মাধ্য দিয়ে মেহেরপুর মুজিবনগরের উন্নয়নের ধারাকে অব্যাহত রাখতে মুজিবনগর উপজেলায় মহাজনপুর ইউনিয়নে ইউনিয়ন যুব মহিলালীগের আয়োজনে উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার বিকেলে মুজিবনগর উপজেলার মহজনপুর ইউনিয়নের গোপালপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গনে, মহাজনপুর ইউনিয়ন যুব মহিলা লীগের সভাপতি গুলশান আরা এর সভাপতিত্বে,এবং মেহেরপুর জেলা যুব মহিলা লীগের সাধারণ সম্পাদিকা এ্যাড: রুত শোভা মন্ডল এর সঞ্চালনায় এই উঠান বৈঠকে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,

মেহেরপুর যুব মহিলা লীগের প্রতিষ্ঠাতা এবং সাবেক কেন্দ্রীয় যুব মহিলা লীগের নেত্রী ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেনের সুযোগ্য সহধর্মিনী সৈয়দা মোনালিসা ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্হিত ছিলেন, মহাজনপুর ইউনিয়নের পরিষদের চেয়ারম্যান ও মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের (সাবেক) সাধারণ সম্পাদক আমাম হোসেন মিলু,উপজেলা যুব মহিলা লীগের সভাপতি তকলিমা খাতুন, উপজেলা যুব মহিলা লীগের সাধারণ সম্পাদিকা তহমিনা খাতুন,জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধন। উঠান বৈঠকে উপজেলা ও মহাজনপুর ইউনিয়ন যুব মহিলা লীগের নেতাকর্মীবৃন্দ এবং বিপুল সংখ্যাক যুব মহিলা লীগের কর্মী ও সমর্থকবৃন্দ উপস্হিত ছিলেন।

গাংনীতে দুটি বোমা সাদৃশ্য বস্তু উদ্ধার

মেহেরপুরের গাংনীর কল্যাণপুর রাস্তার পাশ থেকে দুটি বোমা সাদৃশ্য বস্তু উদ্ধার করেছে পুলিশ।

আজ মঙ্গলবার বেলা ১১টার দিকে গাংনী থানা পুলিশের একটি টীম বোমা সাদৃশ্য বস্তু দুটি উদ্ধার করে পানি ভর্তি পানিতে চুবিয়ে রাখে।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, কল্যাণপুর রাস্তার পাশে বোমা সাদৃশ্য বস্তু দেখে পথচারীরা পুলিশে খবর দেয়। পরে এসআই মাসুদ ও সঙ্গীয় ফোর্স ঘটনাস্থলে গিয়ে বোমা সাদৃশ্য বস্তু দুটি উদ্ধার করে পানিতে চুবিয়ে রাখে। স্থানীয় লোকজনের মাঝে ভীতি ছড়ানোর জন্য এগুলো রাখতে পারে বলে ধারণা করা হচ্ছে।

আলমডাঙ্গায় বিএনপির বিক্ষোভ মিছিল ও সমাবেশ

১০ দফা বাস্তবায়ন ও বিদ্যুতের মূল্য কমানো এবং সকল রাজবন্দির মুক্তির দাবিতে আলমডাঙ্গা বিএনপির বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে আলমডাঙ্গা উপজেলা ও পৌর বিএনপির উদ্যোগে সোমবার বিকেল ৩ টায় এ মিছিল ও সমাবেশের আয়োজন করে।

বিক্ষোভ মিছিলটি ফায়ার সার্ভিস অফিসের পাশের চাতাল প্রাঙ্গণ থেকে বের হয়ে রাস্তা প্রদক্ষিণ করে আবারো পূণরায় চাতাল সংলগ্নে সংক্ষিপ্ত সমাবেশ করে।

সমাবেশে বক্তারা বিদ্যুৎসহ নিত্য প্রয়োজনীয় দ্রব্যের দাম কমানো, বিরোধী দলীয় নেতাকর্মীদের উপর হামলা-মামলা, অত্যাচার, নির্যাতন, গুম, খুন বন্ধ এবং কর্তৃত্ববাদী ফ্যাসিস্ট সরকারকে অবিলম্বে পদত্যাগ করে নিরপেক্ষ সরকারের অধীনে সকল দলের অংশগ্রহণে একটি অবাধ, সুষ্ঠু ও সবার কাছে গ্রহণযোগ্য নির্বাচন দেয়ার জোর দাবি জানান।

আলমডাঙ্গা উপজেলা বিএনপির সভাপতি আব্দুল জব্বার বাবলুর সভাপতিত্বে ও উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আমিনুল হক রোকনের সঞ্চালনায় সমাবেশে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা জেলা বিএনপি আহবায়ক কমিটির সদস্য খন্দকার আব্দুল জব্বার সোনা।

এছাড়াও প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য ও আলমডাঙ্গা পৌর বিএনপির সভাপতি আজিজুর রহমান পিন্টু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পৌর বিএনপির সাধারণ সম্পাদক জিল্লুর রহমান ওল্টু, উপজেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি আক্তারুজ্জামান, পৌর বিএনপির সহ-সাধারণ সম্পাদক মাহাবুল হক, উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আনোয়ার হোসেন, পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক আলি আজগার সাচ্চু।

অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বেলগাছি ইউনিয়ন বিএনপির সভাপতি আমজেদ হোসেন, ডাউকি ইউনিয়ন বিএনপির সভাপতি আবদার আলী, কুমারী

ইউনিয়ন বিএনপির সভাপতি রফিকুল ইসলাম, খাসকররা ইউনিয়ন বিএনপির সভাপতি আব্দুর রশীদ, নাগদাহ ইউনিয়ন বিএনপির সভাপতি বোরহান উদ্দিন, জামজামি ইউনিয়ন বিএনপির সভাপতি শাহ আলম, খাদিমপুর ইউনিয়ন বিএনপির সভাপতি শেরেবুল ইসলাম, বাড়াদি ইউনিয়ন বিএনপির সভাপতি বকুল, কালিদাসপুর ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক লালন, বাড়াদি ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক শুকুর আলি, খাসকররা ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক রাজাবুল, ডাউকি ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক আব্দুস সালাম, পৌর বিএনপির সহ-সাধারণ সম্পাদক মকলেছুর রহমান মিলন, সাংগঠনিক সম্পাদক রাশেদুল ইসলাম, পৌর ১ নম্বর ওয়ার্ড সভাপতি রহিদুল ইসলাম, ২ নম্বর ওয়ার্ড সভাপতি হাফিজুর রহমান চমক, ৩ নম্বর ওয়ার্ড সভাপতি আব্দুল জব্বার, ৪ নম্বর ওয়ার্ড সভাপতি মাসুদ সালেহ লিপু, ৫ নম্বর ওয়ার্ড সভাপতি আব্দুর রশীদ, ৬ নম্বর ওয়ার্ড সভাপতি আব্দুল রাজ্জাক, ২ নম্বর ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক আব্দুল হক মিন্টু, ৭ নম্বর ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক আলতাফ হোসেন,উপজেলা যুবদলের যুগ্নআহবায়ক জাহাঙ্গীর হোসেন চৌধুরি,পৌর যুবদলের যুগ্নআহবায়ক হাফিজুর রহমান, পৌর সেচ্ছাসেবক দলের আহবায়ক কামরুজ্জামান হিমেল, উপজেলা ছাত্র দলের আহবায়ক জাহিদ হাসান শুভ, সদস্য সচিব আল ইমরান রাসেল, পৌর ছাত্রদলের আহবায়ক আতিক হাসান রিঙ্কু, যুগ্নআহবায়ক রাজু আহমেদ। আরো উপস্থিত ছিলেন উপজেলা, পৌর ও ইউনিয়ন বিএনপির সকল নেতৃবৃন্দ।

জীবননগর ও দর্শনায় পরিবেশ অধিদপ্তরের অভিযানে ৪টি ইটভাটা মালিককে জরিমানা

দৈনিক মেহেরপুর প্রতিদিন পত্রিকায় চুয়াডাঙ্গার দর্শনা ও জীবননগরে ইটভাটায় পোড়ানো হচ্ছে কাঠ ও মাটি বহন ট্রাক্টরের শব্দে ৬ গ্রামের মানুষের ঘুম হারাম শিরোনামে সংবাদ প্রকাশিত হয়।

এ সংবাদের জেরে খুলনা ও কুষ্টিয়া পরিবেশ অধিদপ্তর বিভিন্ন

পান।

এ অভিযানে সহায়তা করেন কুষ্টিয়া পরিবেশ অধিদপ্তরের কর্মকর্তা ও চুয়াডাঙ্গা সদর থানার এসআই আফজাল হোসেন, এএসআই সাদ্দাম হোসেন সহ সঙ্গীয় পুলিশ সদস্যরা।

দামুড়হুদায় বিএনপির বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত

দামুড়হুদায় বিএনপির বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। সোমবার বিকাল ৪টার দিকে দামুড়হুদা উপজেলা বিএনপির দলীয় কার্যালয়ে ঘরোয়াভাবে এই বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা বিএনপির আয়োজনে সমাবেশে সভাপতিত্ব করেন দামুড়হুদা উপজেলা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির। প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা জেলা কৃষক দলের আহ্বায়ক ও জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য মোকাররম হোসেন, বিশেষ অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা বিএনপির সিনিয়র সহসভাপতি আঃওয়াহেদ, উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু।

দামুড়হুদা উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক প্রভাষক আবুল হাশেমের সঞ্চালনায় এসময় উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির যুগ্ন সাধারণ সম্পাদক মন্টু মিয়া, দামুড়হুদা ইউনিয়ন বিএনপির সভাপতি আব্দুর রহিম, জুড়ানপুর ইউনিয়ন বিএনপির সভাপতি ঈদ্রীস আলী, নাটুদহ ইউনিয়ন বিএনপির সভাপতি সামসুল আলম, নতিপোতা ইউনিয়ন বিএনপির সভাপতি মাসুদ রানা, হাউলী ইউনিয়ন বিএনপির সভাপতি ইউসুফ আলী।

সমাবেশের শুরুতে পবিত্র কোরআন তেলোয়াত করেন নতিপোতা ইউনিয়ন বিএনপির সহসভাপতি আঃরাজ্জাক।

স্বাগত বক্তব্য রাখেন দামুড়হুদা উপজেলা যুবদলের অন্যতম নেতা জহিরুল ইসলাম রিপন। এসময় আরও উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা যুবদল নেতা শামসুজ্জোহা পলাশ, তোতাম আলী, ইকরামুল হোসেন,

উপজেলা যুবদলের যুগ্ম আহ্বায়ক আরিফুল ইসলাম আরিফ, যুবদল নেতা মাহফুজুর রহমান জনি, সহ অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ।

গাংনীর চিতলা থেকে ৫০ পিস ইয়াবাসহ যুবক আটক

মেহেরপুরের গাংনী উপজেলার চিতলা মধ্যপাড়া রাস্তা থেকে ৫০ পিস ইয়াবাসহ হাসিবুল ইসলাম (২৬) নামের এক যুবককে আটক করেছে পুলিশ।

আজ সোমবার দুপুর সাড়ে ১২ টার সময় গাংনী থানার এস আই সইবুর রহমান সঙ্গীয় ফোর্স নিয়ে এ অভিযান পরিচালনা করেন।

আটকৃত হাসিবুল ইসলাম গাংনীর বাঁশবাড়িয়া গ্রামের আকছেদ আলীর ছেলে।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, গোপন সংবাদের ভিত্তিতে জানা যায় একজন ইয়াবা বহন করছে। এসময় ওই যুবকের গতিবিধি সন্দেহ হলে পুলিশ চ্যালেঞ্জ করে তল্লাশি চালিয়ে তার পকেটে থাকা সিগারেটের প্যাকেটে থাকা ৫০ পিস ইয়াবা উদ্ধারসহ তারক আটক করা হয়।

এ বিষয়ে মামলা দায়ের করে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে।

চুয়াডাঙ্গা তিতুদহ মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার মান উন্নয়ন

বিষয়ক মতবিনিময় সভা

চুয়াডাঙ্গা সদর উপজেলার তিতুদহ মাধ্যমিক বিদ্যালয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমের অপব্যবহার রোধ, ধর্মীয় উগ্রবাদ ও জঙ্গিবাদ মোকাবেলা, নারী ও শিশুর প্রতি সহিংসতা, নিপীড়ন ও বৈষম্য মূলক আচরণ বন্ধে পদক্ষেপ গ্রহণ এবং শিক্ষার মান উন্নয়ন বিষয়ক মতবিনিময় সভা অনুষ্টিত হয়েছে।

সোমবার দুপুর ১টার দিকে তিতুদহ মাধ্যমিক বিদ্যালয় ম্যানেজিং কমিটির উদ্যোগে বিদ্যালয় প্রাঙ্গণে এ সভা অনুষ্ঠিত হয়।

বিদ্যালয় ম্যানেজিং কমিটির সভাপতি মিজানুর রহমান টিপুর সভাপতিত্বে মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে আলোচনা করেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোঃ আমিনুল ইসলাম খান।

তিনি বলেন,আমাদের সন্তানদের সু শিক্ষায় শিক্ষিত করতে হলে মা বাবার খেয়াল রাখতে হবে। সন্তানরা কোথায় যাচ্চে কি করছে কার সাথে মিশছে খেয়াল রাখতে হবে।তাহলে আমাদের সন্তানরা সু শিক্ষায় শিক্ষিত করা সম্ভব।

এ মতবিনিময় সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা শামীম ভূঁইয়া। এছাড়াও বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সদস্যবৃন্দ, অভিভাবক, শিক্ষক ও ছাত্র-ছাত্রী সহ এলাকার জনসাধারণ।